

ঈদের আগে মার্চের বেতন পাচ্ছেন না বেসরকারি শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক

১৯ মার্চ ২০২৫, ১২:০০ এএম



ঈদুল ফিতর উপলক্ষে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের চলতি মাসের বেতন-ভাতা আগামী ২৩ মার্চে দেওয়ার নির্দেশনা দিয়েছে সরকার। গত রবিবার অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এ নির্দেশনা দেয়। কিন্তু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত প্রায় ৬ লাখ শিক্ষক-কর্মচারী মার্চের বেতন ঈদের আগে পাচ্ছেন না।

UNIBOTS

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) উপ-পরিচালক (প্রশাসন) মো. শাহজাহান বলেন, ইএফটিতে বেতন দেওয়ার কারণে কিছু জটিলতা তৈরি হয়েছে। সে কারণে গত জানুয়ারি ও ফেব্রুয়ারিতে বেতন দিতে কিছু সমস্যা রয়ে গেছে। সরকারি নির্দেশনা অনুযায়ী ঈদের আগে মার্চের বেতন দেওয়া সম্ভব হবে নয়। তবে ঈদ বোনাস ও গত ফেব্রুয়ারির বেতন খুব শিগগির ছাড় করা হবে।

এদিকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সাড়ে ৩ লাখ শিক্ষক-কর্মচারীদের বেতন চলতি সপ্তাহে দেওয়ার কথা। কিন্তু এখনো বেতন ছাড়ের প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে পাঠায়নি মাউশির এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ইএমআইএস) সেল। ফলে চলতি সপ্তাহেও গত ফেব্রুয়ারির বেতন না পাওয়ার শঙ্কা বেশি বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

গতকাল মঙ্গলবার মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের প্রশাসন ও অর্থ, মাউশির অর্থ ও ক্রয় এবং ইএমআইএস সেলের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে এ তথ্য জানা গেছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব (বাজেট শাখা) লিউজা-উল-জাল্লাহ বলেন, শিক্ষক-কর্মচারীদের বেতন বা বোনাস ছাড়ের প্রস্তাব আমরা পাইনি। প্রস্তাব পাওয়ার পর তা অনুমোদন করতে এক অথবা দুদিন সময় লাগতে পারে।